

পুলিশ সংস্কার কমিশন
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জনমত জরীপ বিজ্ঞপ্তি

“কেমন পুলিশ চাই”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে দেশে বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনকে প্রতিহত করতে কিছু সংখ্যক পুলিশ সদস্যের সহিংস ভূমিকা নিয়ে বাংলাদেশসহ বিশ্বজুড়ে সমালোচনার প্রেক্ষিতে “পুলিশ সংস্কার” এখন সময়ের দাবী। সে লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পুলিশ বাহিনীর সংস্কারের লক্ষ্যে “পুলিশ সংস্কার কমিশন” গঠন করেছেন যার কার্যক্রম চলমান। পুলিশ সংস্কার কমিশন এ বিষয়ে আপনার মূল্যবান মতামত জানতে চায়। অনুগ্রহপূর্বক গুগল ফরমে <https://forms.gle/kcXcL247eTbp3fHk6> এই লিংকে অথবা পুলিশ সংস্কার কমিশনের ওয়েব সাইটে (www.prc.mhapsd.gov.bd) প্রবেশ করে ‘কেমন পুলিশ চাই’ লিংকে ক্লিক করুন এবং প্রদত্ত প্রশ্নমালাটি পূরণ করে আপনার মূল্যবান মতামত আগামী ১৫ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রদান করুন। আপনার মতামত গোপন রাখা হবে। শুধুমাত্র সংস্কার কাজে তথ্য সহায়তায় এটি ব্যবহৃত হবে। প্রশ্নমালাটি ভালভাবে পড়ুন এবং পড়ে উত্তর দিন। আপনার মতামত আমাদের জন্য গুরুত্বপূর্ণ।

ডা. মোস্তাফিজ
১১-১০-২০২৪

(আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ)
অতিরিক্ত সচিব, জননিরাপত্তা বিভাগ

ও

সদস্য-সচিব
পুলিশ সংস্কার কমিশন